

আন-নূর | An-Nur | النُّور

আয়াতঃ ২৪ : ২০

আরবি মূল আয়াত:

وَلَوْ لَا فَضْلُ اللَّهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهُ وَأَنَّ اللَّهَ رَعُوفٌ رَحِيمٌ ﴿٢٠﴾

অনুবাদসমূহ:

আর যদি তোমাদের উপর আল্লাহর অনুগ্রহ ও তাঁর দয়া না থাকত, (তাহলে তোমরা ধ্বংস হয়ে যেতে) আর নিশ্চয় আল্লাহ বড় মেহেরবান, পরম দয়ালু। — আল-বায়ান

তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ ও দয়া না থাকলে (তোমরা ধ্বংস হয়ে যেতে), আল্লাহ দয়ার্দ্র, বড়ই দয়াবান। — তাইসিরুল

তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ ও দয়া না থাকলে তোমাদের কেহই অব্যাহতি পেতেনা, এবং আল্লাহ দয়ার্দ্র ও পরম দয়ালু। — মুজিবুর রহমান

And if it had not been for the favor of Allah upon you and His mercy... and because Allah is Kind and Merciful. — Sahih International

২০. আর তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ ও দয়া না থাকলে(১); আর আল্লাহ তো দয়ার্দ্র ও পরম দয়ালু।

(১) এখানেও ১০ নং আয়াতের মতো উত্তর উহ্য রাখা হয়েছে। [বাগভী]

তাফসীরে জাকারিয়া

(২০) তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ ও দয়া না থাকলে এবং আল্লাহ দয়ার্দ্র ও পরম দয়ালু না হলে[১] (তোমাদের কেউ অব্যাহতি পেত না)।

[১] এখানে এর জবাব উহ্য রয়েছে। '---পরম দয়ালু না হলে' আল্লাহর আযাব তোমাদের উপর এসে পড়ত (অথবা তোমাদের কেউ অব্যাহতি পেত না)। এটা তো তার দয়া ও মেহেরবানী যে, তিনি তোমাদের উক্ত মহা অপরাধকে ক্ষমা করে দিয়েছেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2811>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন